

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায় (১ম সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৩.৩০৬৬

তারিখ: ২৪ ডিসেম্বর ২০২৩

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় সুফলভোগী সদস্যদেরকে আত্মকর্মসংস্থান সৃষ্টি ও আর্থিকভাবে স্বাবলম্বী করার লক্ষ্যে ব্যক্তিগত ৩০০০০.০০ (ত্রিশ হাজার) টাকা হতে ১০০০০০.০০ (এক লক্ষ) টাকা পর্যন্ত ক্ষুদ্র ঋণ প্রদানের সংস্থান রয়েছে, যা নিয়মিতভাবে সাপ্তাহিক/মাসিক কিস্তিতে আদায়যোগ্য। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, অধিকাংশ উপজেলার সাপ্তাহিক/মাসিক কিস্তিতে ঋণ আদায়ের হার সন্তোষজনক না হলেও অযাচিতভাবে ঋণের সিলিং বৃদ্ধি করা হচ্ছে। ফলশ্রুতিতে সক্ষমতা না থাকা সত্ত্বেও সুফলভোগী সদস্যদের অতি মাত্রায় ঋণের সিলিং বৃদ্ধির কারণে ক্রমাগতই সদস্যদের ঋণ পরিশোধের অতিরিক্ত দায় বর্তায়, অপরদিকে বিপুল পরিমাণ ঋণের অর্থ পরবর্তীতে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণে পরিণত হয়। তাই প্রকল্পের ঋণ তহবিলের শৃংখলা আনয়ন, সুষ্ঠু ও যথাযথ ব্যবহার এবং ঘূর্ণায়মান প্রক্রিয়ায় ঋণ বিতরণ অব্যাহত রাখার স্বার্থে ক্ষুদ্র ঋণের সিলিং বৃদ্ধি সংক্রান্ত বাস্তবায়ন নির্দেশিকার ৫.৭ নং অনুচ্ছেদের সংশ্লিষ্ট অংশ সংশোধনপূর্বক নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

- ক) নির্দিষ্ট মেয়াদান্তে গৃহিত ঋণের ৩০ ভাগ (৩০%) কিস্তিতে আদায় না হলে আগামী ০১/০১/২০২৪ তারিখ হতে ক্ষুদ্র ঋণের সিলিং বৃদ্ধি করা যাবে না।
- খ) নির্দিষ্ট মেয়াদান্তে গৃহিত ঋণের ৫০ ভাগ (৫০%) কিস্তিতে আদায় না হলে আগামী ০১/০৭/২০২৪ তারিখ হতে ক্ষুদ্র ঋণের সিলিং বৃদ্ধি করা যাবে না।
- গ) কিস্তি আদায়ের হার নির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট সুফলভোগী সদস্যদের পাশ বই যাচাইপূর্বক নিশ্চিত হয়ে ঋণের সিলিং বৃদ্ধি করতে হবে। উল্লেখ্য, গৃহীত ঋণের কিস্তি এককালীন সর্বশেষ কিস্তিতে আদায় হলে তা কিস্তিতে আদায় হিসেবে গণ্য করা যাবে না।

২। উক্ত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে ঋণের ক্ষুদ্র সিলিং বৃদ্ধি করা হলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী হবেন।

৩। প্রকল্প/কর্মসূচির স্বার্থে এ আদেশ জারী করা হলো।

মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন নং- ০২-৪১০১০৩৪১

তারিখ: ২৪ ডিসেম্বর ২০২৩

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৩.৩০৬৬

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি,(প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল জেলা)।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৩. মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, (প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।
৫. সহকারী পল্লী উন্নয়ন অফিসার, ইরেসপো, বিআরডিবি, (প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।
৬. পরিচালক (পরিচালনা/সরেজমিন), বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. অফিস কপি।

শরিফুল ইসলাম
সহকারী পরিচালক